



## পল্লী বিদ্যুতের সম্মানিত গ্রাহকবৃন্দের প্রতি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর চেয়ারম্যানের আবেদন

### পল্লী বিদ্যুতের সম্মানিত গ্রাহকবৃন্দ,

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (আরইবি) সারাদেশে ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতির মাধ্যমে গ্রাম বাংলার ২ কোটি ৮৮ লক্ষ গ্রাহককে বিদ্যুৎ সেবা প্রদান করে যাচ্ছে। আশা করছি ‘মুজিব বর্ষের’ মধ্যেই শতভাগ মানুষ বিদ্যুৎ সুবিধা পাবেন এবং ‘শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ’ বাস্তবায়িত হবে। সবাই যখন করোনা ভাইরাস থেকে নিরাপদ থাকার জন্য ঘরবন্দি অবস্থায় রয়েছেন, তখন আপনাদের ঘরে ঘরে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ পৌঁছে দিতে পল্লী বিদ্যুতের ‘দুর্যোগে আলোর গেরিলা’ কর্মীগণ নিরলস পরিশ্রম করে যাচ্ছেন। চলমান করোনা ভাইরাসের মধ্যেই বিগত ২০ মে সাইক্লোন আম্পানের আঘাতে প্রায় দেড় কোটি গ্রাহক বিদ্যুৎ বিহীন হয়ে পড়েন। পল্লী বিদ্যুতের কর্মীদের আন্তরিকতা, কঠোর পরিশ্রম এবং আপনাদের সহযোগিতায় দ্রুততম সময়ের মধ্যেই সকলকে বিদ্যুৎ পৌঁছে দেয়া সম্ভব হয়েছে। আপনাদের সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করছি।

কোন কোন সম্মানিত গ্রাহক কর্তৃক বিদ্যুৎ বিল এর উপর উত্থাপিত আপত্তি/অভিযোগ আরইবি’র গোচরীভূত হয়েছে। আপনারা জানেন যে, করোনা ভাইরাসের সংক্রমণ হ্রাস করতে সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য সরকারি নির্দেশনা রয়েছে। অধিকাংশ এলাকা লক-ডাউন করা হয়েছে। এসব এলাকায় বাড়ি বাড়ি গিয়ে মিটার দেখে রিডিং নেওয়া গ্রাহক ও বিদ্যুৎকর্মী উভয়ের জন্যই ঝুঁকিপূর্ণ। পল্লী বিদ্যুতের অনেক কর্মচারী ইতোমধ্যে করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছেন। কিছু কিছু ক্ষেত্রে বাড়ি বাড়ি গিয়ে মিটার রিডিং নেওয়া সম্ভব হয়নি। এ সকল গ্রাহকের ক্ষেত্রে গত বছরের একই মাসের রিডিং এর সাথে সংগতি রেখে গড় বিল করা হয়েছে, যা পরবর্তীতে প্রকৃত রিডিং অনুযায়ী সমন্বয় করা হবে।

কোন সম্মানিত গ্রাহকের নিকট বিল অতিরিক্ত মনে হলে স্থানীয় পল্লী বিদ্যুৎ অফিসে যোগাযোগ করবেন, তাৎক্ষণিকভাবে তা সমন্বয় করে দেওয়া হবে। এ বিষয়ে সম্মানিত গ্রাহকবৃন্দের দুশ্চিন্তার কোন কারণ নেই। বিলজনিত সমস্যা নিরসনের জন্য পল্লী বিদ্যুৎ সমিতিসমূহকে সর্বোচ্চ আন্তরিকতা নিয়ে গ্রাহক সেবা নিশ্চিতকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। পল্লী বিদ্যুৎ সমিতি থেকে যথাযথ প্রতিকার না পেলে আরইবি’র আর্থিক মনিটরিং পরিদপ্তরের পরিচালক (মোবাইল নং-০১৭১২-৫৬১৩৯৭) এর সাথে যোগাযোগ করতে অনুরোধ করছি। আপনাদের সাময়িক অসুবিধার জন্য আমরা আন্তরিকভাবে দুঃখিত।

নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদানের মাধ্যমে গ্রাহক সন্তুষ্টি অর্জনই আমাদের লক্ষ্য। নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য আপনাদেরকে বিনীত অনুরোধ করছি। এতে আপনাদের নিকট বিদ্যুৎ সরবরাহ ও সেবা নিশ্চিত করা আমাদের জন্য সহজতর হবে। আমরা আপনাদের সহযোগিতা চাই। করোনা ভাইরাস থেকে মুক্ত থাকতে ‘ঘরে থাকুন; নিরাপদে থাকুন’। আপনাদের সকলের প্রতি রইল ঈদের শুভেচ্ছা। ধন্যবাদ।

স্বাক্ষরিত/-  
মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ)  
চেয়ারম্যান